

সমকাল

এসএসসির ফল পুনর্নিরীক্ষণ: কুমিল্লা বোর্ডে ফেল থেকে পাস ১৮০ জন

প্রকাশ: ২৮ আগস্ট ২৩ | ১০:৪৯ | আপডেট: ২৮ আগস্ট ২৩ | ১০:৫২

কুমিল্লা প্রতিনিধি



চলতি বছরের এসএসসি পরীক্ষায় কুমিল্লা শিক্ষাবোর্ডে উত্তরপত্র পুনর্নিরীক্ষণে ৮৭৯ জনের ফল পরিবর্তন হয়েছে। এদের মধ্য ফেল থেকে পাস করেছে ১৮০ জন।

সোমবার সকাল ১০টায় কুমিল্লা শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. মো. আসাদুজ্জামান স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে ফল প্রকাশ করা হয়।

কুমিল্লা শিক্ষাবোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) মোহাম্মদ শহিদুল ইসলাম জানান, এ বছর এসএসসি পরীক্ষার ২৪টি বিষয়ে ২৭ হাজার ৬০ জন শিক্ষার্থী ৬৫ হাজার ৪০টি উত্তরপত্র পুনর্নিরীক্ষণের জন্য অনলাইনে আবেদন করে। এর মধ্যে ৮৭৯ জনের ফল পরিবর্তন হয়েছে।

তিনি জানান, পরিবর্তিত ফলে ৯৪ জন জিপিএ-৫ পেয়েছে। ১৮০ জন ফেল থেকে পাস করেছে এবং ৬০৫ জনের গ্রেড পরিবর্তিত হয়েছে।

কুমিল্লা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. জামাল নাছের বলেন, আবেদনকৃত উত্তরপত্রগুলো পুনর্নিরীক্ষণের নীতিমালা অনুযায়ী যাচাই বাচাই শেষে ফল প্রকাশিত হয়েছে। ফল পরিবর্তন হওয়া শিক্ষার্থীরা ৩১ আগস্ট কলেজে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবে।

এর আগে গত ২৮ জুলাই চলতি বছরের এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়। পরে ২৯ জুলাই থেকে ৪ আগস্ট পর্যন্ত অনলাইনে ফল পুনর্নিরীক্ষণের আবেদন গ্রহণ করা হয়। এ বছর কুমিল্লা শিক্ষাবোর্ডে পাসের হার ৭৮ দশমিক ৪২ শতাংশ।

